# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২৫.২১-৫৬

তারিখঃ ১৭/০৪/১৪৩০ বঙ্গাঃ
০১/০৮/২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা গত ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং নির্বাহী প্রকৌশলী ঢাকা পওর বিভাগ-০১, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-২৫৬/নিঃপ্রকৌঃ/ঢাকা-১ তারিখঃ ২০/০৮/২০২০ খ্রিঃ এবং স্মারক নং-৪৪৬/নিঃপ্রঃ/ঢাকা-১, তারিখঃ ২৬/০৯/২০২০খ্রিঃ এর মাধ্যমে উক্ত অনুপস্থিতি জনিত কারণে কৈফিয়ত তলবের প্রেক্ষিতে অদ্যাবধি জবাব প্রদান না করায় তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ৪৮ (খ) ও (গ) মোতাবেক অসদাচরন ও পলায়নের জন্য দোষী হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ মোতাবেক কার্যধারা সূচনার প্রেক্ষিতে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২৫.২১-২০৭ তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা তার স্থায়ী এবং অফিসের ঠিকানায় প্রেরণ করা হয় । অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে উক্ত কর্মচারীর ১০ (দশ) কার্য দিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও অদ্যাবধি তিনি জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। উক্ত কর্মচারীর বিরুদ্ধে সূচিত কার্যধারায় নির্ধারিত সময়ে অভিযোগনামার জবাব দাখিল না করায় এবং কার্যধারায় আনীত অভিযোগে অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২৫.০২১-৪০ তারিখঃ ০৬/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে দীর্ঘদিন অর্থাৎ গত ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। তার এরূপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন এর সামিল।

২। জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা এর উপরোক্ত আচরণ দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামিল এবং যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে গত ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক কতর্ব্য কর্মে অবহেলা, অসদাচরণ, ও পলায়নের অভিযোগে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৫) ও ৫২ (৬) মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত নোটিশের সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয় এবং কারণ দর্শানোর নোটিশটি দুইটি জাতীয় পত্রিকাসহ বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কারণ দর্শানোর নোটিশ প্রেরণের প্রেক্ষিতে উক্ত কর্মচারীর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদান করার নির্দেশনা থাকলেও তার স্থায়ী ঠিকানায় প্রেরণকৃত কারণ দর্শানোর নোটিশটির খামের উপর ডাক বিভাগ কর্তৃক "প্রাপক গ্রহণ না করায় ফেরৎ" মন্তব্য সহকারে অত্র দপ্তরে ফেরত আসে এবং তিনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল হতে বিরত থাকেন।

অঃ পৃঃ দ্রঃ

৪। জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে বিগত ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৬/২০২০ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। অতএব উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৬/২০২০ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৯/০৮/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৩. পরিচালক কর্মচারী পরিদপ্তর/ মান বসম্পদ উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।
৭. উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র,বাপাউবো, ঢাকা।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৯. জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১), অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো ঢাকা /প্রযত্নে পিতাঃ বজলুর রহমান ভূইয়া, গ্রামঃ চন্দনদীয়া, ডাকঘরঃ পুটিয়াবাড়ি, উপজেলাঃ শিবপুর, জেলাঃ নরসিংদী।

০৯/০৮/২০২৩

(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক(চঃ দাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২৩০০৭৯